

আউস হইল আর হইল আমান্য।
দুই বিঘা জমিতে দ্বিগুণ হইল ধান্য।।
প্রশস্ত গার্হস্থ্য ধর্ম জীবে শিক্ষা দিতে।
হরিচাঁদ অবতীর্ণ হ'ল অবনীতে।।
নিজ হাতে ব্যবসায় করে হরিচাঁদ।
বাণিজ্য প্রণালী শিক্ষা সবে কৈল দান।।
হাতে করে কাম মনে মুখে করে নাম।
রসরাজ করে তার চরণে প্রণাম।।



আত্মানুভূতি ও আত্মদর্শন

ঠেকিয়া জীবের দায় জীবদেহ ধরে।
জীব শিক্ষা লাগি জীবোচিত কর্ম করে।।
গৃহস্থের মূলভিত্তি অর্থনীতি বটে।
'বাণিজ্যে বসতে লক্ষ্মী' এই বাণী রটে।।
বাণিজ্য করিয়া হরি শিখায় সকলে।
গৃহী কত বড় হয় ব্যবসায়ী হ'লে।।
মুনিঋষি করে চাষ আর্য্য ব্যবসায়।।
একদিন চাষ করি প্রভু তা' শিখায়।।
বহিরঙ্গ শিক্ষা বটে এবে শেষ হ'ল।
আপনার কাজ মনে প্রভুর পড়িল।।
পঞ্চভাই পৃথগ্ন দুই বাড়ি ভিন্ন।
আমভিটা পরে প্রভু নহে মনঃক্ষুণ্ণ।।
অস্তরঙ্গ সঙ্গে মিশি দিবারাত্রি যায়।
ঠাকুরের তিন কন্যা জন্মে এ সময়।।
শ্রীশ্রীগুরচাঁদ যিনি প্রভু-পুত্র জ্যেষ্ঠ।
আমভিটা বাসকালে হ'লেন ভূমিষ্ঠ।।
গুরচাঁদ জন্মপরে প্রভুজী উদাস।
সংসার ফেলিয়া দূরে স্বরূপ প্রকাশ।।
ভ্রাতৃগণ অনুরোধে আমভিটা ছাড়ি।
ওড়াকান্দী আসিলেন পোদ্দারের বাড়ী।।

এ সময় মহাপ্রভু একা ঘুরে ফিরে।
একদিন চলেন প্রভু জয়নগরে।।
আড়োকান্দী মাঠ মধ্যে তুলি উচ্ছে শির।
বকুলের গাছ এক দাঁড়াইয়া স্থির।।
সন্ধ্যার অগ্রেতে প্রভু কি জানি কি ভাবি।
বসিলেন বৃক্ষমূলে চিন্তা মাঝে ডুবি।।
অনন্ত 'আপন' মাঝে প্রভু ডুবে রয়।
আপন স্বরূপ প্রভু দেখিবারে পায়।।
মহান পুরুষরূপে আপনার আত্মা।
প্রভুর সন্মুখে আসি কহিলেন বার্তা।।
'নামধারী দেহরূপে তুমি হরিচাঁদ।
জীব-শিক্ষা-লাগি নরজগতের নাথ।।
তুমি-স্কুল আমি-সূক্ষ্ম উভয়ে অভিন্ন।
দেহ আত্মা মোরা দৌঁরে মূল নহি ভিন্ন।।
গৃহধর্মে সু-আদর্শ সব দে'য়া হ'ল।
দেহগৃহ শুচিকার্য্য জীবে কি বুঝিল?
দেহমন নহে শুচি গৃহধর্ম করে।
ছিদ্রযুক্ত তরীসম ডুবে যে সাগরে।।
দেহ মন সর্বক্ষণ রাখিতে পবিত্র।
শিখাইতে হবে জীবে সেই মূলসূত্র।।
তুলিয়া নামের চেউ প্রেম প্লাবনেতে।
ধুঁয়ে মুছে নি'ব সব নাম প্রবাহেতে।।
শুদ্ধাচারী বীজমন্ত্রী, নামে জপে মালা।
একা একা যেতে চায় সমুদ্রেতে ভেলা।।
গুরুরূপে ব্যবসায়ী কানে দেয় মন্ত্র।
'প্রাণহীন দেহ যেন জুড়ে অঙ্গে যন্ত্র।।
এসব সামান্য কূপ সব ডুবে যা'বে।
হরিপ্রেম প্লাবনেতে জীব মুক্তি পা'বে।।
দেহমন শুদ্ধ হ'লে স্থির হবে আত্মা।
তখন শিখা'তে হ'বে গৃহধর্ম কথা।।
দৃষ্টিপাত করি দেখ তব গৃহ মাঝে।
গুরচাঁদ রূপে বিশ্বনাথ আসিয়াছে।।